



বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন

বাজেট
২০১৯-২০

মনিটরিং সেল
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mof.gov.bd

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)

১. ভূমিকা

বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান অধ্যাদেশ ১৯৭৬ এর বিধানবলে বাংলাদেশ প্রকৌশল ও জাহাজ নির্মাণ করপোরেশন এবং বাংলাদেশ স্টীল মিলস্ করপোরেশনকে একীভূত করে ১লা জুলাই ১৯৭৬ তারিখে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন(বিএসইসি) গঠিত হয়। প্রারম্ভিক ভাবে বাংলাদেশ স্টীল মিলস্ করপোরেশন ও বাংলাদেশ প্রকৌশল ও জাহাজ নির্মাণ করপোরেশনের নিয়ন্ত্রণাধীন ৬২টি শিল্প প্রতিষ্ঠান নিয়ে বিএসইসি কার্যক্রম শুরু করে। এর পরে বিএসইসি নিজস্ব উদ্যোগে ১৯৮৪ সালে বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরি লিঃ প্রতিষ্ঠা করে। তবে বেসরকারিকরণ নীতির আওতায় কিছু শিল্প প্রতিষ্ঠান হতে পুজি প্রত্যাহার ও কিছু অবলুপ্তির কারণে বর্তমানে করপোরেশনের ব্যবস্থাপনায় ৯ টি শিল্প প্রতিষ্ঠান চালু রয়েছে।

২. রূপকল্প (Vision)

ইস্পাত ও প্রকৌশল পণ্যের অভ্যন্তরীণ চাহিদা পূরণ ও বৈশ্বিকীকরণ।

৩. অভিলক্ষ্য (Mission)

টেকসই প্রযুক্তি প্রয়োগে মানসম্পন্ন ইস্পাত ও প্রকৌশল পণ্যের নিরবচ্ছিন্ন উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে ভোক্তার সন্তুষ্টি অর্জন এবং আমদানি হ্রাসের মাধ্যমে বৈদেশিক মুদ্রার সাশ্রয়করণ।

৪. প্রধান কার্যাবলী -

- বিভিন্ন ব্রান্ড ও মডেলের মোটরগাড়ি সংযোজন, বিপণন ও বিক্রয়;
- মোটর সাইকেল সংযোজন, ট্রেডিং ও বিক্রয়;
- বিভিন্ন প্রকার বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদন, সংযোজন ও বিক্রয়;
- সুপার এনামেল কপার ওয়্যার উৎপাদন ও বিক্রয়;
- বিদ্যুৎ সশস্ত্রী বৈদ্যুতিক বাল্ব উৎপাদন, সংযোজন ও বিক্রয়;
- বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালন কাজে ব্যবহৃত ট্রান্সফরমার, ওয়্যার উৎপাদন ও বিক্রয়;
- গ্যাস সঞ্চালন কাজে ব্যবহৃত এপিআই পাইপসহ জিআই/এমএস পাইপ উৎপাদন ও বিক্রয়;
- শেডিংসহ বিভিন্ন কাজে ব্যবহৃত স্টেইনলেস স্টীল ব্লেড উৎপাদন ও বিক্রয়;
- কারখানাসমূহকে সুষ্ঠুভাবে পরিচালনা এবং লাভজনক প্রতিষ্ঠানে পরিণতকরণ; এবং
- বন্ধ শিল্প প্রতিষ্ঠানসমূহ দেখাশোনা এবং চালুকরণের উদ্যোগ গ্রহণ।

৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- মানসম্পন্ন প্রকৌশল পণ্য উৎপাদন;
- প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য সুষ্ঠু বিপণন, বিক্রয় ও মুনাফা বৃদ্ধির মাধ্যমে সংস্থার অর্থনৈতিক অবস্থান সুসংহতকরণ;
- প্রতিষ্ঠানসমূহে অবকাঠামো ও কারিগরি উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি।

৬. বিগত ৩ (তিন) বছরের অর্জনসমূহ

- প্রগতির কারখানায় মিৎসুবিশি পাজেরো স্পোর্ট (সিআর-৪৫) জিপের সাকসেসর অত্যাধুনিক পাজেরো স্পোর্ট (কিউএক্স) সংযোজন ও বাজারজাত কার্যক্রম শুরু করা হয়েছে;
- এছাড়া প্রগতির কারখানায় জাপানের মিৎসুবিশি এল-২০০ ডাবল কেবিন পিকআপ সংযোজনের নিমিত্ত গত ২৪/০৯/২০১৭ তারিখে KLC এর সাথে প্রগতির একটি এমওইউ স্বাক্ষরিত হয়েছে;
- পণ্যের মান উন্নয়ন ও মানসম্পন্ন পণ্য উৎপাদনের ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ ২৬/১০/২০১৬ তারিখে প্রগতির ইন্ডাস্ট্রিজ লি: “ন্যাশনাল প্রোডাক্টিভিটি অ্যান্ড কোয়ালিটি একসিলেন্স-২০১৫” এ্যাওয়ার্ড লাভ এবং ১৮/০৪/২০১৮ তারিখে গাজী ওয়্যারস লি: এবং ইন্টার্ন কেবলস্ লি: “ন্যাশনাল প্রোডাক্টিভিটি অ্যান্ড কোয়ালিটি একসিলেন্স-২০১৬” এ্যাওয়ার্ড লাভ;

